

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৬০৬

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৮৫. ভোরবেলা সফরে বের হওয়া

بَابٌ فِي الْإِبْتِكَارِ فِي السَّفَرِ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، حَدَّثَنَا يَعْلَى بْنُ عَطَاءٍ، حَدَّثَنَا عُمَارَةُ بْنُ حَدِيدٍ، عَنْ صَخْرِ الْغَامِدِيّ، عَنِ النَّبِيِّ صَلَّى عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: اللَّهُمَّ بَارِكُ لِأُمَّتِي فِي بُكُورِهَا. وَكَانَ إِذَا بَعَثُ سَرِيَّةً أَوْ جَيْشًا بَعَثَهُمْ مِنْ أَوَّلِ النَّهَارِ وَكَانَ صَخْرٌ رَجُلًا تَاجِرًا، وَكَانَ يَبْعَثُ تِجَارَتَهُ مِنْ أَوَّلِ النَّهَارِ وَكَانَ صَخْرٌ رَجُلًا تَاجِرًا، وَكَانَ يَبْعَثُ تِجَارَتَهُ مِنْ أَوَّل النَّهَارِ فَكَانَ صَخْرُ بْنُ وَدَاعَةَ يَبْعَثُ تِجَارَتَهُ مِنْ أَوَّل النَّهَارِ فَأَثْرَى وَكَثُرَ مَالُهُ قَالَ أَبُو دَاوُدَ: وَهُوَ صَخْرُ بْنُ وَدَاعَة

صحيح

বাংলা

২৬০৬। সাখর আল-গামিদী (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "হে আল্লাহ! আপনি আমার উম্মতকে ভোরের বরকত দান করুন।" তিনি কোনো ক্ষুদ্র বা বিশাল বাহিনীকে কোথাও প্রেরণ করলে দিনের প্রথমভাগেই পাঠাতেন। বর্ণনাকারী সাখর (রাঃ) একজন ব্যবসায়ী ছিলেন। তিনি তার পণ্যদ্রব্য দিনের প্রথমভাগে (ভোরে) পাঠাতেন, ফলে তিনি সম্পদশালী হয়েছিলেন এবং এভাবে তিনি অনেক সম্পদের অধিকারী হয়েছিলেন।[1]

English

Narrated Sakhr al-Ghamidi:

The Prophet (ﷺ) said: "O Allah, bless my people in their early mornings."

When he sent out a detachment or an army, he sent them at the beginning of the day. Sakhr was a merchant, and he would send off his merchandise at the beginning of the day; and he became rich and had much wealth.



Abu Dawud said: He is Sakhr b. Wada'ah.

ফুটনোট

[1]**.** সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ স্বাখর ইবনে অদা'আহ আল-গামেদী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন